## জানুয়ারি ২০২৫ মাসে অনুষ্ঠিত বিরামপুর উপজেলা পরিষদ সাধারণ সভার কার্যবিবরণী।

সভাপতি ঃ নুজহাত তাসনীম আওন<br>উপজেলা নির্বাহী অফিসার<br>ও<br>প্রশাসক, উপজেলা পরিষদ<br>বিরামপুর, দিনাজপুর।

তারিখ ঃ ২৮.০১.২০২৫ খ্রি.

সময় ঃ দুপুর ১২.০০ ঘটিকা।

স্থান ঃ উপজেলা পরিষদ সভাকক্ষ।

সভায় উপস্থিত/অনুপস্থিত সদস্যগণের তালিকাঃ পরিশিষ্ট 'ক' ও 'খ'

জনাব নুজহাত তাসনীম আওন, প্রশাসক, উপজেলা পরিষদ ও উপজেলা নির্বাহী অফিসার, বিরামপুর, দিনাজপুর আজকের সভায় উপস্থিত সবাইকে নতুন বছরের শুভেচ্ছা জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। পরিচিতি পর্বে তিনি এ উপজেলায় সদ্য যোগদান করেছেন এমন অফিসারবৃন্দকে তাঁদের পরিচয় দেয়ার জন্য অনুরোধ করেন।

জনাব সালমা আকতার সুমী উপস্থিত সকলকে শুভেচ্ছা জানিয়ে বলেন যে, তিনি ৪৩তম বিসিএস এর কর্মকর্তা। উপজেলা মৎস্য অফিসার হিসেবে আজ ২৮.০১.২০২৫ তারিখে যোগদান করেছেন। তিনি বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয় হতে অনার্স ও মাস্টার্স করেছেন। নিজ উপজেলা সৈয়দপুর, জেলা নীলফামারী। প্রথম যোগদান। তিনি সকলের সহযোগিতা কামনা করেন।

জনাব মোঃ রোকনুজ্জামান উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা হিসেবে এ উপজেলা ২৬.০১.২০২৫ তারিখে যোগদান করেছেন। তিনি দিনাজপুর জেলার কাহারোল উপজেলা থেকে এসেছেন। নিজ উপজেলা ডোমার, জেলা নীলফামারী। তিনি দুই সন্তানের জনক। তিনি সকলের সহযোগিতা কামনা করেন।

জনাব মোঃ তাহেরুল ইসলাম উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা হিসেবে অতিরিক্ত দায়িত্ব পালন করছেন ০১.০১.২০২৫ তারিখ থেকে। তার মূল কর্মস্থল হাকিমপুর উপজেলা। তিনি ডাঃ তাহেরো খাতুনের স্থলাভিষিক্ত হয়েছেন। হাজি মোহাম্মদ দানেশ বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, দিনাজপুর থেকে পড়াশুনা করেছেন। তিনি এক পুত্র সন্তানের জন্য। তিনি পূর্বের ধারাবাহিকতা বজায় রাখার প্রত্যয় ব্যক্ত করেন।

জনাব মোঃ সাব্বির আহমেদ এজিএম হিসেবে গত ০৫.১১.২০২৪ তারখে দিনাজপুর পল্লী বিদ্যুৎ সমিতি-২ এ যোগদান করেছেন। নতুন চাকুরী। তিনি ঢাকা বিশ্ববিদ্যালয় হতে পদার্থ বিদ্যা বিষয়ে পড়াশুনা করেছেন।

জনাব মোঃ হাসিনুর রশিদ সহকারী প্রকৌশলী হিসেবে স্থানীয় সরকার প্রকৌশল দপ্তর, বিরামপুরে যোগদান করেছেন।

জনাব জোতির্ময় রায় ৪১তম বিসিএস এর কর্মকর্তা। তিনি ভ্যাটেরিনারি সার্জন হিসেবে উপজেলা প্রাণিসম্পদ অফিসারের কার্যালয়, বিরামপুর, দিনাজপুরে যোগদান করেছেন। প্রথম কর্মস্থল বাগেরহাট সদর। সেখানে তার কর্মকাল ছিল ৮ মাস মাত্র। তার নিজ জেলা দিনাজপুর উপজেলা বিরল।

**আলোচ্যসূচিঃ ০১ গত সভার কার্যবিবরণী পঠন ও অনুমোদনঃ**

ডিসেম্বর ২০২৫ মাসে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী সভায় পাঠ করে শোনানো হয় এবং কার্যবিবরণীতে কোন সংশোধনী না থাকায় ডিসেম্বর ২০২৪ মাসে অনুষ্ঠিত সভার কার্যবিবরণীর সাথে সদস্যগণ একমত পোষন করেন।

**সিদ্ধান্তঃ ০১** বিস্তারিত আলোচনান্তে নভেম্বর ২০২৪ মাসে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী দৃঢ়ীকরণ করা হয়।

বিভাগীয় আলোচনা

| দপ্তর | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
| --- | --- | --- | --- |
| আলোচনা ০৫ উপজেলা কৃষি দপ্তর | উপজেলা কৃষি কর্মকর্তা, বিরামপুর দিনাজপুর সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। তিনি সভায় উল্লেখ করে বলেন যে, কোন সমস্যা নেই। আলুর বাম্পার ফলন হয়েছে। লক্ষ্যমাত্রা ছাড়িয়ে ১৭৫০ হেক্টর স্থলে অর্জিত হয়েছে ২৭২৫ হেক্টর। বাজারে রঙীন ফুলকপি এসেছে প্রায় শেষের দিকে। ২টি প্রদশর্নী আছে। এটি পুষ্টিকর। ১টি লতি থেকে প্রচুর হয়। সারের কোন সংকট নেই। এ উপজেলায় রবি ২০২৪-২০২৫ অর্থবছরে বোরো ধানের লক্ষ্যমাত্রা ধরা হয়েছে ১৫২৫৯ হেক্টর। এ পর্যন্ত ৫৪৫ হেক্টর জমিতে বীজতলা তৈরী করা হয়েছে। তিনি আশা করেন এ বছর বোরো ধানের আবাদ লক্ষ্যমাত্রা ছাড়িয়ে যাবে। তিনি আরও জানান যে, রবি ২০২৪-২০২৫ অর্থবছরে আলু ফসলের লক্ষ্যমাত্রা ধরা হয়েছিল ১৭৫০ হেক্টর অর্জিত হয়েছে ২৭২৫ হেক্টর। রবি ২০২৪-২০২৫ অর্থবছরে সরিষা ফসলের লক্ষ্যমাত্রা ধরা হয়েছিল ১৮৩০ হেক্টর অর্জিত হয়েছে ১৩৫০ হেক্টর। শাকসবজির লক্ষ্যমাত্রা ধরা হয়েছিল ১২৮০ হেক্টর অর্জিত হয়েছে ১২৭০ হেক্টর। গমের লক্ষ্যমাত্রা ধরা হয়েছে ১২৮ অর্জিত হয়েছে ৮৫, ভূট্টার লক্ষ্যমাত্রা ধরা হয়েছে ১৭২৫ অর্জিত হয়েছে ১৫৩০, মিষ্টি আলুর লক্ষ্যমাত্রা ধরা হয়েছে ০৪ অর্জিত হয়েছে ২, সূর্যমুখীর লক্ষ্যমাত্রা ধরা হয়েছে ১৭ অর্জিত হয়েছে ৫, পেঁয়াজের লক্ষ্যমাত্রা ধরা হয়েছে ১৩০ অর্জিত হয়েছে ১২৫, রসুনের লক্ষ্যমাত্রা ধরা হয়েছে ২০ অর্জিত হয়েছে ১৮ এবং মরিচের লক্ষ্যমাত্রা ধরা হয়েছে ৫০ অর্জিত হয়েছে ৫৫ হেক্টর। এখন পর্যন্ত উক্ত ফসল মাঠে ভাল অবস্থায় আছে মর্মে তিনি উল্লেখ করেন। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক সকল কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ২. উপজেলা কৃষি কর্মকর্তা, বিরামপুর। |
| আলোচনাঃ ৬ উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা দপ্তর | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা, বিরামপুর, দিনাজপুর বা তার কোন প্রতিনিধি সভায় অনুপস্থিত থাকায় উক্ত দপ্তরের দাপ্তরিক কার্যক্রম সম্পর্কে কোন তথ্য পাওয়া গেল না। | ১.সরকারি নির্দেশনা মোতাবেক সকল কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১. উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, বিরামপুর। |
| আলোচনাঃ ৭ উপজেলা প্রাণিসম্পদ দপ্তর | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, বিরামপুর, দিনাজপুরের প্রতিনিধি জনাব জোতির্ময় রায় সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। হাসপাতালও চলছে। তিনি আরও জানান যে, জানুয়ারি ২০২৫ মাসে ১৬৩৭টি গবাদি প্রাণির এবং ৬৬০৩টি হাঁস-মুরগীর চিকিৎসা প্রদান করা হয়েছে। এ মাসে খামারীদের কোন প্রশিক্ষণ প্রদান করা হয়নি। কৃত্রিম প্রজনন ৩৯৭ মাত্রা এবং শংকর জাতের বাচ্চা উৎপাদন হয়েছে ১৫৪টি। গবাদি প্রাণির টিকা প্রদান করা হয়েছে ১৩৬০ মাত্রা, হাঁস-মুরগীর টিকা প্রদান ৫০০০০ মাত্রা। এ মাসে ফ্রি ভেটেরিনারি মেডিকেল ক্যাম্প ০১টি হয়েছে। ৪টি উঠান বৈঠকের আয়োজন করা হয়েছে। এ মাসে মোবাইল কোর্ট পরিচালিত হয়নি। তবে মোট ৩ মাসের টিকা প্রাপ্তিঃ জানুয়ারি ২০২৫ মাসে (১) তড়কা-২০০০ মাত্রা, (২) বাদলা-৭০০ মাত্রা, (৩) গলাফুলা-৭০০ মাত্রা, (৪) বিসিআরডিবি-৫০০০০ মাত্রা, (৫) আরডিবি-২০০০০ মাত্রা, (৬) ফাউল পক্স-০০ মাত্রা, (৭) পাউল কলেরা-৭০০০ মাত্রা, (৮) গট পক্স-৫০০ মাত্রা, (৯) গামবোরো-২০০০০ মাত্রা, (১০) ডাকপ্লেগ-৪৫০০০ মাত্রা, (১১) ক্ষুরা-৩২০ মাত্রা এবং (১২) ছাগ বসন্ত-১৩০০ মাত্রা। সর্বমোট=১৪৭০২০ মাত্রা। | ১.সরকারি নির্দেশনা মোতাবেক সকল কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১. উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, বিরামপুর। |
| আলোচনাঃ ৮ উপজেলা মৎস্য দপ্তর | উপজেলা মৎস্য কর্মকর্তা, বিরামপুর, দিনাজপুর সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। নতুন এসেছেন। আগামী মাস থেকে প্রস্তুতি নিয়ে সভায় আসবেন। পূর্বের ধারাবাহিকতা বজায় রেখে কাজ করার জন্য উপজেলা নির্বাহী অফিসার, বিরামপুর তাকে অনুরোধ করেন। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১. উপজেলা মৎস্য কর্মকর্তা, বিরামপুর। |
| আলোচনাঃ ৯ দিনাজপুর পল্লী বিদ্যুৎ সমিতি-২ | জেনারেল ম্যানেজার দিনাজপুর পল্লী বিদ্যুৎ সমিতি-২ এর প্রতিনিধি সভায় সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। সেচ সংযোগ নিয়ে সমস্যা হচ্ছে। পূর্বে লাইসেন্স ছাড়াই সংযোগ দেয়া হতো। পরে যারা লাইসেন্স পেয়েছেন তারা একই এরিয়ায় হওয়া বিদ্যুৎ সংযোগ দিতে সমস্যা হচ্ছে।<br>উপজেলা শিক্ষা অফিসার সভায় জানান যে, কচুয়া মির্জাপুর সরকারি প্রাথমিক বিদ্যালয়ের উপর দিয়ে ৩৩০ ভোল্টের বিদ্যুৎ লাইন নিয়ে যাওয়া হয়েছে। যে | ১. সরকারি নির্দেশনা মোতাবেক সকল কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১. জেনারেল ম্যানেজার দিপবিস-২ বিরামপুর। |

| দপ্তর | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| আলোচনাঃ ৯<br>দিনাজপুর পল্লী বিদ্যুৎ সমিতি-২ | কোন সময় দুর্ঘটনা ঘটতে পারে। লাইনটি টানার সময় বাধা দেয়া হলেও শনিবার বিদ্যালয় বন্ধ থাকায় তারা লাইন টেনে নিয়ে গেছে। এ বক্তব্যের প্রেক্ষিতে দিনাজপুর পল্লী বিদ্যুৎ সমিতি-২ এর প্রতিনিধি সভায় বলেন যে, তিনি বিষয়টি জেনে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন। | | |
| আলোচনাঃ ১০<br>উপজেলা প্রকৌশল দপ্তর | উপজেলা প্রকৌশলী, বিরামপুর, দিনাজপুরের প্রতিনিধি সভায় জানান যে, দাপ্তরিক ও উন্নয়নমূলক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। তিনি আরও জানান যে, উপজেলা প্রকৌশলী, বিরামপুর মডেল মসজিদ বুঝিয়ে নেয়ার কাজে ব্যস্ত রয়েছেন। পরে উপজেলা প্রকৌশলী, বিরামপুর সভায় উপস্থিত হয়ে জানান যে, মহোদয়ের সদয় নির্দেশনানুযায়ী মডেল মসজিদটি ৪ বার পরিদর্শন করেছেন। পর্যবেক্ষণে যা দেয়া হয়েছিল তা সম্পন্ন করা হয়েছে। মেঝেতে কোন ত্রুটি নেই। ৪টি নকসার মধ্যে ১টি নকসা আছে অবশিষ্ট ৩টি নকসা ঠিকাদারের নিকট হতে নিতে হবে। ইসলামিক ফাউন্ডেশন মডেল মসজিদের সকল আসবাবপত্রসহ অন্যান্য জিনিসপত্র গুনে গুনে বুঝে নিচ্ছেন।<br>তিনি আরও জানান যে, ২০২৪-২০২৫ অর্থ বছরে ADP-র ২টি বরাদ্দ এসেছে। তিনি মূল্যায়ন কমিটির সভার আহ্বান করে প্রাপ্ত বরাদ্দ অনুযায়ী প্রস্তাবগুলো থেকে দ্রুত প্রকল্প গ্রহণ করার জন্য অনুরোধ করেন।<br>এ পর্যায়ে চেয়ারম্যান, বিনাইল ইউনিয়ন পরিষদ তার ইউনিয়নের বেইলী ব্রীজটির কাজ সম্পন্ন করার জন্য পুনরায় বিশেষভাবে অনুরোধ করেন। ঝুঁকি নিয়ে এই ব্রীজটি দিয়ে একজন ট্রাক মালিক কাম চালক ২৬০-২৮০ বস্তা ধানসহ ট্রাক পাড় করছেন। তাকে নিষেধ করা হলেও শুনছেন না। কারণ বিকল্প রাস্তা নেই। যদি কোন দুর্ঘটনা ঘটে তাহলে সবার জন্যই সমস্যা হবে। তিনি আবারও ব্রীজটি নির্মাণ/সংস্কার/মেরামত কাজটি দ্রুত করার জন্য আবারও অনুরোধ করেন।<br>এ পর্যায়ে উপজেলা প্রকৌশলী সভায় জানান যে, প্রধান প্রকৌশলী, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর, ঢাকা বরাবর লিখিতভাবে বিষয়টি অবহিত করা হয়েছে। রংপুরে অনুষ্ঠিত ২৭.০১.২০২৫ তারিখের সভায় বেইলী ব্রীজ সম্পর্কে আবারও আলোচনা হয়েছে। তিনি কর্মস্থলে ফিরে গিয়ে এ ব্রীজটির বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন মর্মে আশ্বাস দিয়েছেন। তিনি আরও জানান যে, ভিলেজ রোডের দুই পাশে বার নির্মাণ করে দিলে লোড গাড়ি যেতে পারবে না। তবে এটি নির্মাণ করতে দু'বছর সময় লাগবে। এ প্রেক্ষিতে উপজেলা নির্বাহী অফিসার, বিরামপুর আইনের আশ্রয় নিয়ে লোডেড গাড়ি চলাচল বন্ধ করতে হবে মর্মে এ বিষয়ে চেয়ারম্যান, বিনাইল ইউনিয়ন পরিষদকে ব্যবস্থা গ্রহণের অনুরোধ জানান। সেই সাথে অফিসার ইনচার্জ, বিরামপুর থানার আইনী সহযোগিতা কামনা করেন।<br>উপজেলা কৃষি অফিসার, বিরামপুর সভায় বলেন যে, বিরামপুর পৌরসভার বাজারের কাছে ব্রীজের পাশে একটি ময়লা পুকুর আছে। উক্ত ময়লা পুকুরের পানিতে ব্যবসায়ীরা আলু ও পিঁয়াজ ধুয়ে বাজারে বিক্রয়ের জন্য নিয়ে আসেন। এটি স্বাস্থ্যের জন্য ক্ষতিকর। তিনি এটি বন্ধ করার উদ্যোগ গ্রহণের জন্য অনুরোধ করেন। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক সকল কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১-২. উপজেলা প্রকৌশলী বিরামপুর, দিনাজপুর। |
| আলোচনাঃ ১১<br>বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন BADC (সেচ) | উপ-সহকারী প্রকৌশলী, BADC (সেচ), বিরামপুর, দিনাজপুরের প্রতিনিধি সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। তিনি আরও জানান যে, উপ-সহকারী প্রকৌশলী, BADC (সেচ), বিরামপুর জেলায় অনুষ্ঠিত মিটিং-এ গেছেন। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক সকল কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১.২ উপ-সহকারী প্রকৌশলী BADC(সেচ) বিরামপুর। |

| দপ্তর | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| আলোচনাঃ ১২ বরেন্দ্র বহুমুখী উন্নয়ন কর্তৃপক্ষ (BMDA), বিরামপুর জোন | সহকারী প্রকৌশলী, বরেন্দ্র বহুমুখী উন্নয়ন কর্তৃপক্ষ (BMDA), বিরামপুর সভায় জানান যে, বিএমডিএ দাপ্তরিক কাজ সুষ্ঠুভাবে চলছে। তিনি আরও জানান যে, গভীর নলকূপের খুলে রাখা ট্রান্সফরমারগুলো লাগানো হচ্ছে। দাপ্তরিক কাজে ব্যস্ত থাকার কারণে সেচ বিষয়ক তদন্তগুলো অন্য কাউকে দেয়ার জন্য তিনি অনুরোধ করেন। কার এরিয়া কোথায় শেষ এবং শুরু সেটা জানতে যাওয়া হচ্ছে কিন্তু এ বিষয়ে কোন তথ্য নেই এবং এটি চিহ্নিত করা সম্ভব না। বড় বাইলশিরা গভীর নলকূপের বিদ্যুৎ সংযোগ বিচ্ছিন্ন করে মালামাল নিয়ে গেছে। সে কারণে এখানে নতুনভাবে সেচের ব্যবস্থা করতে হবে। তানা হলে কৃষক ক্ষতিগ্রস্থ হবে। একজন শিক্ষক এবং একজন সরকারী কর্মচারী কেহই কথা শুনছে না। এটি অলাভজনক করা হলে সমস্যা থাকবে না। এ সমস্যা সমাধানে সেচ কমিটির সভায় সিদ্ধান্ত নিয়ে ব্যবস্থা নিতে হবে। দু'টি উপজেলায় দায়িত্ব পালন করায় দাপ্তরিক কাজসহ অন্যান্য কাজে সমস্যা হচ্ছে।<br>উপজেলা নির্বাহী অফিসার বলেন যে, আমাইলে সমস্যা হচ্ছে। গতবার ভেঙ্গে দেয়া হয়েছিল। তদন্ত করতে দেয়া হয়েছে। উপজেলা পল্লী উন্নয়ন অফিসার, বিরামপুর বলেন যে, উভয়পক্ষ এখন মিমাংসায় বসতে চায়। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক সকল কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১. সহকারী প্রকৌশলী, বরেন্দ্র বহুমুখী উন্নয়ন কর্তৃপক্ষ (BMDA), বিরামপুর, দিনাজপুর। |
| আলোচনাঃ ১৩ বিরামপুর থানা | অফিসার ইনচার্জ, বিরামপুর থানা, দিনাজপুরের প্রতিনিধি সভায় জানান যে, তিনি মোঃ আতাউর রহমান, ওসি তদন্ত হিসেবে ২৫.০১.২০২৫ তারিখে বিরামপুর থানায় যোগদান করেছেন। তার বাড়ি কুড়িগ্রাম জেলার রাজারহাট উপজেলায়। ৩ সন্তানের জনক তিনি। পরিবার রংপুরে অবস্থান করেন। চাঁপাইনবাবগঞ্জ ও রাজশাহী জেলায় চাকুরী শুরু করেছেন। তিনি এখানে নতুন এসেছেন। এখনও জানাশোনা হয়নি। তিনি সকলের সহযোগিতা কামনা করেন। তিনি উপজেলা নির্বাহী অফিসার, সহকারী কমিশনার (ভূমি), বিরামপুর, দিনাজপুরসহ সকলের সাথে কাজ করার প্রত্যয় ব্যক্ত করেন। এ উপজেলায় অন্যান্য স্থানের চেয়ে মাদকের সমস্যা বেশী রয়েছে। তিনি জানান যে, গত মাসে ডিসেম্বর ২০২৪ মাদক বিষয়ে ২৩টি মামলা হয়েছে।জানুয়ারি ২০২৫ মাসে ২৫টি মামলা হয়েছে। অফিসার ইনচার্জ, বিরামপুর থানার সাথে আলোচনা করে করণীয় ঠিক করবেন। উপজেলা নির্বাহী অফিসার, সহকারী কমিশনার (ভূমি), বিরামপুর বিজ্ঞ এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট হিসেবে সহযোগিতা করবেন। | ১.সরকারি নির্দেশনা মোতাবেক সকল কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১. অফিসার ইনচার্জ বিরামপুর থানা |
| আলোচনাঃ ১৪ উপজেলা শিক্ষা দপ্তর | উপজেলা শিক্ষা অফিসার, বিরামপুর, দিনাজপুরের প্রতিনিধি সভায় জানান যে, দাপ্তরিক কাজ স্বাভাবিকভাবে চলছে। শ্রেণি পাঠদান চলছে। ইউনিয়ন পর্যায়ে ০১.২.২০২৫ খ্রি. থেকে তারুণ্যের উৎসব হিসেবে সাংস্কৃতিক অনুষ্ঠান শুরু হবে। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক সকল কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১. উপজেলা শিক্ষা অফিসার, বিরামপুর। |
| আলোচনাঃ ১৫ উপজেলা মাধ্যমিক শিক্ষা দপ্তর | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, বিরামপুর, দিনাজপুর সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। তিনি আরও জানান যে, ২০২৫ শিক্ষাবর্ষে নতুন পাঠ্যপুস্তক হওয়ার কারণে ধাপে ধাপে ৬ষ্ঠ, ৭ম ও ৯ম শ্রেণির কিছু বই পাওয়া গেছে। এ মাসের শেষে বই বিতরণ শেষ হবে। তিনি ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণের সহযোগিতা চান। স্কাউটের ৩য় কাউন্সিল শেষ হয়েছে। ফেব্রুয়ারি ২০২৫ মাসের ১ম সপ্তাহে ২৬তম বিরামপুর উপজেলা স্কাউটস সমাবেশ ২০২৫ শুরু হবে। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক সকল কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১. উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, বিরামপুর। |
| আলোচনাঃ ১৬ উপজেলা সমাজসেবা দপ্তর | উপজেলা সমাজসেবা কর্মকর্তা, বিরামপুর, দিনাজপুর সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। তিনি আরও জানান যে, প্রতিবন্ধি আবেদন করা হয়েছে। তবে এখন অব্দি বরাদ্দ পাওয়া যায়নি। নতুন ভাতাভোগী করা যাচ্ছে না। নতুন সুবর্ণ কার্ড দেয়া হয়নি। নতুন বিধবাভাতা ও বয়স্ক ভাতার বরাদ্দ আসেনি। তথ্য সমৃদ্ধ সফটওয়ার আসছে। বয়স্ক ও প্রতিবন্ধি ভাতার বরাদ্দ এসেছে। কোথাও কোথাও মোবাইলে টাকা আসেনি। হ্যাকিং প্রায় বন্ধ হয়েছে। প্রায় নাই বললেই চলে। **OTP কাউকে বলা যাবে না** এটির প্রচার অব্যাহত রাখতে হবে। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক সকল কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১. উপজেলা সমাজসেবা কর্মকর্তা, বিরামপুর। |

| দপ্তর | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| আলোচনাঃ ১৭ উপজেলা পল্লী উন্নয়ন দপ্তর | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, বিরামপুর, দিনাজপুর সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। ঋণ আদায় চলছে। তিনি আরও জানান যে, সেচ বিষয়ে প্রতিদিন অভিযোগ আসছে। অভিযোগগুলো দ্রুত সমাধান করা না হলে সমস্যার সৃষ্টি হতে পারে। তাই এদিকে দৃষ্টি দিতে হবে এবং সমাধান করতে হবে। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১. উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, বিরামপুর। |
| আলোচনাঃ ১৮ উপজেলা মহিলা বিষয়ক অধিদপ্তর | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, বিরামপুর, দিনাজপুর বিভাগীয় পর্যায়ে অনুষ্ঠিত জয়িতা নির্বাচন অনুষ্ঠানে অংশগ্রহণের জন্য রংপুরে গেছেন মর্মে উপজেলা নির্বাহী অফিসার সভায় অবহিত করেন। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১. উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা বিরামপুর, দিনাজপুর। |
| আলোচনাঃ ১৯ উপজেলা হিসাবরক্ষণ দপ্তর | উপজেলা হিসাবরক্ষণ কর্মকর্তা, বিরামপুর, দিনাজপুর সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। কোন সমস্যা নেই। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা হিসাবরক্ষণ কর্মকর্তা, বিরামপুর। |
| আলোচনাঃ ২০ তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর | উপজেলা আইসিটি কর্মকর্তা, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, বিরামপুর দিনাজপুর অসুস্থতাজণিত কারণে সভায় উপস্থিত হতে পারেননি। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১. উপজেলা আইসিটি কর্মকর্তা, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, বিরামপুর। |
| আলোচনাঃ ২১ উপজেলা যুব উন্নয়ন দপ্তর | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, বিরামপুর, দিনাজপুর সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। তিনি আরও জানান যে, ২০ ডিসেম্বর ২০২৪ তারিখে জেলায় যেয়ে জানতে পারেন বিরামপুর উপজেলা পরিদর্শন করে জেলা প্রশাসক, দিনাজপুর মহোদয়কে খুব ভাল লেগেছে। আগামী ১ জানুয়ারি ২০২৫ তারিখে ফটোগ্রাফি প্রশিক্ষণ শুরু হবে। উক্ত অনুষ্ঠানে উপস্থিত থাকার জন্ন তিনি অনুরাধ করেন। ধান কাটামারা শেষ হলে ঋণ আদায় ত্বরাম্বিত হবে। মাঠ পর্যায়ে পরিদর্শনে গেলে যব ও যব মহিলাদের খোঁজখবর নিলে বেকার যুব ও যুব মহিলারা খুশী হবে। ২০২৪-'২৫ অর্থবছরে অপ্রাতিষ্ঠানিক প্রশিক্ষণ কোর্সে ১৪টি ব্যাচে ৪২০ জনের লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়েছে। লক্ষ্যমাত্রা মোতাবেক ০৬টি প্রষিক্ষণ কোর্সে ১৮০ জন প্রশিক্ষণার্থীকে বিভিন্ন ট্রেডে ভ্রাম্যমান প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। এ ছাড়াও দিনাজপুর যুব প্রশিক্ষণ কেন্দ্রে তিন মাস মেয়াদি ৪ মাস মেয়াদি ৪ জন বেকার যুব প্রশিক্ষন গ্রহণ করছে।<br>তিনি আরও জানান যে, পরিবারভিত্তিক কর্মসংস্থান কর্মসূচী থেকে সর্বমোট =৩৭,৬০,০০০/-টাকা ক্ষুদ্রঋণ বিতরণ করা হয়েছে। আদায়যোগ্য টাকার পরিমান সর্বমোট =৩৩,৪৭,২০০/-টাকা। আদায়কৃত টাকার পরিমান মোট =৩১,৮৯,০৪০/- টাকা এবং আদায় হার শতকরা ৯৫.২৭%।<br>আত্মকর্মসংস্থান কর্মসূচীর ক্রমপুঞ্জিভূত ঋণ বিতরণ করা হয়েছে =৩,১০,২৬,৬০০/-টাকা। আদায়যোগ্য টাকার পরিমান সর্বমোট =২,৮৪,৫৫,২০০/-টাকা। আদায়কৃত টাকার পরিমান মোট =২,৬২,৪০,৬১১/- টাকা এবং আদায়ের হার শতকরা ৯২.২২%। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১. উপজেলা যুব উন্নয়ন অফিসার, বিরামপুর। |
| আলোচনাঃ ২২ উপজেলা পরিবার পরিকল্পনা দপ্তর | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, বিরামপুর, দিনাজপুর এ উপজেলায় অতিরিক্ত দায়িত্ব পালন করছেন। তিনি সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠু ও ভালভাবে চলছে। জন্ম নিয়ন্ত্রণ সংক্রান্ত অর্জন ৮২-৮৭% হয়েছে।<br>তিনি জোতবানী কমিউনিটি ক্লিনিকের ১টি বড় গাছ কাটতে হবে বলে সভায় উল্লেখ করেন। কাটলা কমিউনিটি ক্লিনিকের আবসিক ভবনের বিদ্যুতের লাইনটি বিচ্ছিন্ন করতে হবে। দিনাজপুর পল্লী বিদ্যুৎ সমিতি-২ এর প্রতিনিধি বিদ্যুৎ সংযোগ বিচ্ছিন্ন করার জন্য আবেদন দেয়া হলে বিচ্ছিন্ন করা হবে মর্মে সভায় জানিয়ে দেন। তিনি আরও জানান যে, কমিউনিটি ক্লিনিকগুলোতে ফ্যানের প্রয়োজন। উপজেলা নির্বাহী অফিসার, বিরামপুর বলেন যে, চাহিদা পাওয়া গেলে এ অর্থ বছরের ADP-র বরাদ্দ থেকে ফ্যান বরাদ্দ দেয়া যেতে পারে। আর কারো প্রয়োজন থাকলে এখনই জানানোর জন্য তিনি অনুরোধ করেন।<br>রেঞ্জ কর্মকর্তা, চরকাই রেঞ্জ এ প্রসঙ্গে বলেন যে, যেহেতু গাছটি কাটার বিধি মোতাবেক সকল কার্যক্রম সম্পন্ন হয়েছে সেহেতু গাছটি নিলামের মাধ্যমে বিক্রয় করা যেতে পারে। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১. উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা বিরামপুর। |

| দপ্তর | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| আলোচনাঃ ২৩<br>জনস্বাস্থ্য প্রকৌশল দপ্তর | উপ-সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল দপ্তর, বিরামপুর, দিনাজপুরের প্রতিনিধি সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম ভালভাবে চলছে। ৩১.০১.২০২৫ তারিখের পর প্রাপ্ত আবেদনগুলো যাচাই-বাছাই করা হবে। তবে আবেদন কম পড়েছে। আবেদন করার জন্য তিনি আবারও অনুরোধ করেন। সাব-মার্সিবল পাম্প ২৮টি এবং টিউবওয়েল ৫৬টি পাওয়া বরাদ্দ পাওয়া গেছে মর্মে তিনি সভায় জানান। এ পর্যায়ে উপজেলা নির্বাহী অফিসার এবং উপ-সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল দপ্তর, বিরামপুর, দিনাজপুরের প্রতিনিধি হাট, শিক্ষা প্রতিষ্ঠান, মসজিদ, মন্দির, গির্জা ইত্যাদিগুলোকে অগ্রাধিকার দিয়ে অগ্রাধিকারভিত্তিক তালিকা দেয়ার জন্য পুনরায় অনুরোধ করেন।<br>চেয়ারম্যান, দিওড় ইউনিয়ন পরিষদ তার ইউনিয়নে কয়টি বরাদ্দ দেয়া হবে সে অনুযায়ী তিনি আবেদন করবেন। তানা হলে বিব্রতকর অবস্থায় পড়তে হবে। প্রতি ইউনিয়ন থেকে ৫টি করে আবেদন করার জন্য উপজেলা নির্বাহী অফিসার, বিরামপুর অনুরোধ করেন।<br>চেয়ারম্যান, বিনাইল ইউনিয়ন পরিষদ প্রয়োজনীয়তার নিরিখে যাচাই-বাছাই করে বরাদ্দ দিতে হবে মর্মে সভায় উল্লেখ করেন। টাকা এবং আইডি ইউনিয়ন প্রশাসনিক কর্মকর্তাকে প্রদানের জন্য অনুরোধ করেন।<br>উপ-সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল দপ্তর আলোচনা সাপেক্ষে নলকূপ দেয়া হবে এবং টিউবওয়েলের জন্য ২৫০০/-(দুইহাজার পাঁচশত) এবং সাব-মার্সিবল পাম্পের জন্য ৭,০০০/-(সাতহাজার) টাকা জমা দিতে হবে মর্মে জানিয়ে দেন। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১. উপ-সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল দপ্তর, বিরামপুর। |
| আলোচনাঃ ২৪<br>দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ শাখা | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, বিরামপুর দিনাজপুর সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম ভালভাবে চলছে। ২০২৪-২০২৫ অর্থ বছরের কাবিখা এবং কাবিটার বরাদ্দ এসেছে মর্মে সভায় অবহিত করেন। জেলা প্রশাসক, দিনাজপুর মহোদয়ের পরামর্শ মোতাবেক ১০০% মাটির কাজে ব্যয় করা যাবে না। দৃষ্টি নন্দন প্রকল্প নিতে হবে। ৯টি সেতু ও কালভার্টের কাজ চলছে। উপজেলা নির্বাহী অফিসার উল্লেখ করেন যে, মাত্র ৪০% কাজ হয়েছে। কাজে গতিশীলতা আনতে হঁবে। শিক্ষা প্রতিষ্ঠান বান্ধব রাস্তা দিতে হবে। যে কোন প্রকল্প শিক্ষা প্রতিষ্ঠানকে গুরুত্ব দিয়ে তালিকা দেয়ার জন্য উপজেলা শিক্ষা অফিসার এবং উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, বিরামপুর, দিনাজপুরকে অনুরোধ করেন।<br>উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, বিরামপুর ব্রীজের কাজে সহযোগিতা কামনা করেন এবং আগামী ১ মাসের মধ্যে কাজ শেষ করার প্রত্যয় ব্যক্ত করেন। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১. উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা বিরামপুর। |
| আলোচনাঃ ২৫<br>উপজেলা পরিসংখ্যান দপ্তর | উপজেলা পরিসংখ্যান তদন্তকারী, বিরামপুর, দিনাজপুর সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। স্থানীয় সরকার সংস্কার বিষয়ক সারা দেশব্যাপী শুমারী হয়েছে। বিরামপুর উপজেলায় খানপুর ইউনিয়নে এ শুমারী করা হয়েছে। কার্যক্রম পরিদর্শনে ২৬.১২.২০২৪ তারিখে জেলায় উর্ধ্বতন কর্তৃপক্ষ এসেছিলেন।<br>উপজেলা নির্বাহী অফিসার, বিরামপুর উপজেলা পরিসংখ্যান তদন্তকারী, বিরামপুরের দৃষ্টি আকর্ষণ করে বলেন যে, যে জায়গায় কাজ করার জন্য যাবেন তার পূর্বে উপজেলা প্রশাসন ও ইউনিয়ন পরিষদকে অবহিত করবেন। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১. উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা, বিরামপুর। |
| আলোচনাঃ ২৬<br>উপজেলা সমবায় দপ্তর | উপজেলা সমবায় কর্মকর্তা, বিরামপুর, দিনাজপুর সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে।<br>উপজেলা নির্বাহী অফিসার, বিরামপুর ১৪৩২ বাংলা সনে পুকুরের ডাক শুরু হবে। সেকারণে তিনি উপজেলা মৎস্য অফিসার, উপজেলা পল্লী উন্নয়ন অফিসার এবং উপজেলা যুব উন্নয়ন অফিসার, বিরামপুরের সমন্বয়ে কাজ করার জন্য উপজেলা সমবায় কর্মকর্তা, বিরামপুরকে অনুরোধ করেন। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১. উপজেলা সমবায় কর্মকর্তা,বিরামপুর দিনাজপুর। |

| দপ্তর | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| আলোচনাঃ ২৭<br>বন বিভাগ | উপজেলা বন কর্মকর্তা, বিরামপুর, দিনাজপুর সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। তিনি আরও জানান যে, জাতীয় বৃক্ষরোপন পুরস্কার দেয়া হবে। ২০২২ সালে প্রণীত নীতিমালা অনুযায়ী আবেদন করতে হবে। বিভিন্ন প্রজাতির ২৫০টি গাছ যাদের রয়েছে তারা নীতিমালা অনুসরণ করে আবেদন করতে পারবেন। অনেক শিক্ষা প্রতিষ্ঠানে এবং বাসভবনের ছাদেও এখন সুন্দর বাগান রয়েছে। যাদের এমন বাগান রয়েছে তাদের সাথে যোগাযোগ করে উদ্যোগ গ্রহণ করবেন।<br>এ পর্যায়ে উপজেলা নির্বাহী অফিসার বলেন যে, উপজেলা মহিলা বিষয়ক অধিদপ্তর কর্তৃক ৫টি ক্যাটাগরীতে ৫ জন নারী নির্বাচন করে উপজেলা, জেলা, বিভাগ এবং জাতীয় পর্যায়ে জয়িতা নির্বাচন করা হয়। প্রতি বছর উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, বিরামপুরের সমন্বয়ে খুব ভালভাবে যাচাই-বাছাই করে ৫ ক্যাটাগরীতে ৫ জন নারীকে নির্বাচিত করে জেলা পর্যায়ে তালিকা পাঠানো হয়। জেলায় নির্বাচিত হয়ে আজ রংপুর বিভাগে বিভাগীয় পর্যায়ে একজন মা জয়িতা হিসেবে নির্বাচিত হয়েছেন। উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, বিরামপুর আন্তরিকতার সাথে কাজ করায় প্রতি বছর এ সফলতা বিরামপুর উপজেলা পেয়ে থাকে। তিনি বন বিভাগকে অনুরোধ করেন এভাবে প্রকৃত ব্যক্তি বা যে কোন প্রতিষ্ঠান খুঁজে বের করুন এবং নীতিমালা অনুসরণ করে আবেদন পাঠানোর ব্যবস্থা করুন। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১. উপজেলা বন কর্মকর্তা, বিরামপুর। |
| আলোচনাঃ ২৮<br>উপজেলা নির্বাচন দপ্তর | উপজেলা নির্বাচন কর্মকর্তা, বিরামপুর, দিনাজপুর সভায় অনুপস্থিত থাকায় উক্ত দপ্তর সম্পর্কিত কোন তথ্য পাওয়া গেল না। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১. উপজেলা নির্বাচন কর্মকর্তা, বিরামপুর। |
| আলোচনাঃ ২৯<br>উপজেলা রিসোর্স সেন্টার | ইন্সট্রাক্টর, উপজেলা রিসোর্স সেন্টার, বিরামপুর, দিনাজপুর সভায় অনুপস্থিত থাকায় উক্ত দপ্তর সম্পর্কিত কোন তথ্য পাওয়া গেল না। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১. ইন্সট্রাক্টর, উপজেলা রিসোর্স সেন্টার |
| আলোচনাঃ ৩০<br>পল্লী সঞ্চয় ব্যাংক বিরামপুর শাখা | শাখা ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক, বিরামপুর শাখা, দিনাজপুর সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম সুন্দর ও স্বাভাবিকভাবে চলছে। তিনি আরও জানান যে, কাটলা ইউনিয়ন থেকে ঋণ আদায় করা যাচ্ছে না। সদস্যের কাছে আছে কিন্তু আদায় হচ্ছে না। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১. শাখা ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক, বিরামপুর শাখা। |
| আলোচনাঃ ৩১<br>পল্লী দারিদ্র বিমোচন ফাউন্ডেশন | উপজেলা পল্লী দারিদ্র বিমোচন কর্মকর্তা, বিরামপুর, দিনাজপুর সভায় জানান যে, জনবল সমস্যা সত্ত্বেও দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা পল্লী দারিদ্র বিমোচন কর্মকর্তা, বিরামপুর, দিনাজপুর। |
| আলোচনাঃ ৩২<br>তথ্য আপা প্রকল্প (২য় পর্যায়) | তিনি তথ্যসেবা কর্মকর্তা, তথ্য আপা প্রকল্প (২য় পর্যায়) বিরামপুর, দিনাজপুর সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। উঠান বৈঠক শুরু হয়েছে। বৈরী আবহাওয়ার কারণে গত সপ্তাহে উঠান বৈঠক করা সম্ভব হয়নি। আলোচনা করে সময় নির্ধারণ করে উঠান বৈঠক করা হবে। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | তথ্যসেবা কর্মকর্তা তথ্য আপা প্রকল্প (২য় পর্যায়), বিরামপুর। |
| আলোচনাঃ ৩৩<br>Upazila Governance and Development Project (UGDP) | Upazila Development Facilitator (UDF), বিরামপুর, দিনাজপুর সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে।<br>গত ২২ জানুয়ারি ২০২৫ খ্রি. উপজেলা পরিষদ বিরামপুর, দিনাজপুর এর ওয়েব পোর্টাল আপডেট এবং এলজিইডি-এমআইএস-এ তথ্য হালনাগাদ সংক্রান্ত নিম্নোক্ত ০৫ (পাঁচ) সদস্য বিশিষ্ট কমিটি গঠন করা হয়।<br>ক্র. নং — কর্মকর্তা/ কর্মচারীগণের পদবী — গঠিত কমিটির পদবী<br>০১ — উপজেলা প্রকৌশলী, বিরামপুর, দিনাজপুর — আহ্বায়ক<br>০২ — প্রশাসনিক কর্মকর্তা, উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, বিরামপুর, দিনাজপুর — সদস্য<br>০৩ — উপজেলা দেভেলপমেন্ট ফ্যাসিলিটেটর (অঃদাঃ) বিরামপুর, দিনাজপুর — সদস্য<br>০৪ — সাঁট মুদ্রাক্ষরিক কাম-কম্পিউটার অপারেটর, উপজেলা পরিষদ, বিরামপুর, দিনাজপুর — সদস্য<br>০৫ — উপজেলা আইসিটি, বিরামপুর, দিনাজপুর — সদস্য সচিব | ১.সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>২. উপজেলা পরিষদের সকল দপ্তরের ওয়েব পোর্টাল নিয়মিতভাবে হালনাগাদ রাখার সিদ্ধান্ত গ্রহণ করা হয়। | ১. UDF, বিরামপুর |

<table>
<tr><th>দপ্তর</th><th>আলোচনা</th><th>সিদ্ধান্ত</th><th>বাস্তবায়নে</th></tr>
<tr><td>আলোচনাঃ ৩৩<br>Upazila Governance and Development Project (UGDP)</td><td>আজকের উপজেলা মাসিক সভায় বিরামপুর উপজেলার পঞ্চ বার্ষিক উন্নয়ন পরিকল্পনা (২০২৪-২৫ থেকে ২০২৮-২৯ অর্থ বছর) তৈরি করার লক্ষ্যে নিম্নোক্ত ০৯(নয়) সদস্য বিশিষ্ট কমিটি গঠন করা হলো।
<table>
<tr><th>ক্র. নং</th><th>কর্মকর্তা/ করমচারীগনের পদবী</th><th>গঠিত কমিটির পদবী</th></tr>
<tr><td>০১</td><td>উপজেলা নির্বাহী অফিসার, বিরামপুর</td><td>আহ্বায়ক</td></tr>
<tr><td>০২</td><td>উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, বিরামপুর</td><td>সদস্য</td></tr>
<tr><td>০৩</td><td>উপজেলা কৃষি কর্মকর্তা, বিরামপুর</td><td>সদস্য</td></tr>
<tr><td>০৪</td><td>উপজেলা প্রানিসম্পদ কর্মকর্তা, বিরামপুর</td><td>সদস্য</td></tr>
<tr><td>০৫</td><td>উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, বিরামপুর</td><td>সদস্য</td></tr>
<tr><td>০৬</td><td>উপজেলা শিক্ষা কর্মকর্তা, বিরামপুর</td><td>সদস্য</td></tr>
<tr><td>০৭</td><td>উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, বিরামপুর</td><td>সদস্য</td></tr>
<tr><td>০৮</td><td>উপজেলা আইসিটি অফিসার, বিরামপুর</td><td>সদস্য</td></tr>
<tr><td>০৯</td><td>উপজেলা প্রকৌশলী, এলজিইডি, বিরামপুর</td><td>সদস্য সচিব</td></tr>
</table></td><td></td><td></td></tr>
<tr><td>আলোচনাঃ ৩৪<br>খাদ্য নিয়ন্ত্রকের দপ্তর</td><td>উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, বিরামপুর সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। তিনি আরও জানান যে, আমন সংগ্রহ চলছে। এ সংগ্রহ ২৮.০২.২০২৫ খ্রি. তারিখ পর্যন্ত চলবে। লক্ষ্যমাত্রা ১৬.০০০ মেঃটন সংগ্রহ করা সম্ভব হয়েছে ১০.২৩ মেঃটন। সংগ্রহের হার প্রায় ৬১%। কোন সমস্যা নেই। নিবিড় পর্যবেক্ষণ করছেন। ডিলার নিয়োগের কার্যক্রম আলোচনা সাপেক্ষে শুরু করবেন।</td><td>১.সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়।</td><td>১. উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, বিরামপুর</td></tr>
<tr><td>আলোচনাঃ ৩৫<br>আনসার ভিডিপি বিভাগ</td><td>উপজেলা আনসার ভিডিপি কর্মকর্তা, বিরামপুর, দিনাজপুর সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। তিনি আরও জানান যে, আগামী ৩০ জানুয়ারি ২০২৫ প্রশিক্ষণ শেষ হবে। ইতঃমধ্যে দিওড় ও জোতবানী ইউনিয়নে প্রশিক্ষণ শেষ হয়েছে। জেলা কমান্ডেন্ট, দিনাজপুর উদ্বোধনী অনুষ্ঠানে আসবেন।</td><td>১.সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়।</td><td>উপজেলা আনসার ভিডিপি কর্মকর্তা, বিরামপুর, দিনাজপুর।</td></tr>
<tr><td>আলোচনাঃ ৩৬<br>ইসলামিক ফাউন্ডেশন</td><td>ফিল্ড সুপারভাইজার, ইসলামিক ফাউন্ডেশন, বিরামপুরের পক্ষে সভায় কেউ উপস্থিত না থাকায় উক্ত দপ্তর সম্পর্কে কোন তথ্য পাওয়া গেল না।</td><td>১.সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়।</td><td>১. ফিল্ড সুপারভাইজার, ইসলামিক ফাউন্ডেশন,</td></tr>
<tr><td>আলোচনাঃ ৩৭<br>মুকুন্দপুর ইউনিয়ন পরিষদ</td><td>চেয়ারম্যান, মুকুন্দপুর ইউনিয়ন পরিষদ, বিরামপুর, দিনাজপুরের প্রতিনিধি সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে।</td><td>১. সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়।</td><td>১. চেয়ারম্যান, মুকুন্দপুর ইউনিয়ন পরিষদ বিরামপুর।</td></tr>
<tr><td>আলোচনাঃ ৩৮<br>কাটলা ইউনিয়ন পরিষদ</td><td>চেয়ারম্যান, কাটলা ইউনিয়ন পরিষদ, বিরামপুর, দিনাজপুরের প্রতিনিধি সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে।</td><td>১. সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়।</td><td>১. চেয়ারম্যান কাটলা ইউনিয়ন পরিষদ বিরামপুর</td></tr>
<tr><td>আলোচনাঃ ৩৯<br>খানপুর ইউনিয়ন পরিষদ</td><td>চেয়ারম্যান, খানপুর ইউনিয়ন পরিষদ, বিরামপুর, দিনাজপুরের প্রতিনিধি সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে।</td><td>১. সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়।</td><td>চেয়ারম্যান, খানপুর ইউনিয়ন পরিষদ বিরামপুর বিরামপুর।</td></tr>
<tr><td>আলোচনাঃ ৪০<br>দিওড় ইউনিয়ন পরিষদ</td><td>চেয়ারম্যান, দিওড় ইউনিয়ন পরিষদ, বিরামপুর দিনাজপুর সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে।</td><td>১.সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়।</td><td>১. চেয়ারম্যান, দিওড় ইউনিয়ন পরিষদ বিরামপুর।</td></tr>
<tr><td>আলোচনাঃ ৪১<br>বিনাইল ইউনিয়ন পরিষদ</td><td>চেয়ারম্যান, বিনাইল ইউনিয়ন পরিষদ, বিরামপুর, দিনাজপুর সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে।</td><td>১. সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়।</td><td>১. চেয়ারম্যান, বিনাইল ইউনিয়ন পরিষদ বিরামপুর।</td></tr>
<tr><td>আলোচনাঃ ৪২<br>জোতবানী ইউনিয়ন পরিষদ</td><td>চেয়ারম্যান, জোতবানী ইউনিয়ন পরিষদ, বিরামপুর, দিনাজপুর সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে।</td><td>১. সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়।</td><td>১. চেয়ারম্যান জোতবানী ইউনিয়ন পরিষদ বিরামপুর।</td></tr>
</table>

| দপ্তর | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| আলোচনাঃ ৪৩<br>পলিপ্রয়াগপুর ইউনিয়ন পরিষদ | চেয়ারম্যান, পলিপ্রয়াগপুর ইউনিয়ন পরিষদ, বিরামপুর দিনাজপুরের প্রতিনিধি সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১. চেয়ারম্যান পলিপ্রয়াগপুর ইউনিয়ন পরিষদ বিরামপুর। |
| আলোচনাঃ ৪৪<br>সংরক্ষিত সদস্য | সংরক্ষিত আসনের ৩ জন সদস্যই অনুপস্থিত রয়েছেন। | ১. সভায় নিয়মিত উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হয়। | ১. সংরক্ষিত আসনের সদস্যবৃন্দ। |
| আলোচনাঃ ৪৫<br>বিবিধ | ১. উপজেলা নির্বাহী অফিসার, বিরামপুর সভায় জানান যে, উপজেলা পরিষদ রাজস্ব তহবিলের অব্যয়িত অর্থ প্রতি অর্থবছরে ৩০ জুনের পর উন্নয়ন তহবিলে জমা করার নির্দেশনা রয়েছে। সেপ্রেক্ষিতে ২০২৩-২০২৪ অর্থ বছরের সমুদয় ব্যয় নির্বাহ করার পর অবশিষ্ট টাকা=২৯,৪৪,৮৫৭/২৯ (উনত্রিশলক্ষ চুয়াল্লিশহাজার আটশত সাতান্ন টাকা উনত্রিশ পয়সা) মাত্র উপজেলা পরিষদ উন্নয়ন তহবিলে জমা করার প্রস্তাব করেন। | ১. উপজেলা পরিষদ রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকা, ২০২০ এর ৫(গ) অনুচ্ছেদের আলোকে উপজেলা পরিষদ উন্নয়ন তহবিলে অবশিষ্ট টাকা=২৯,৪৪,৮৫৭/২৯ (উনত্রিশলক্ষ চুয়াল্লিশহাজার আটশত সাতান্ন টাকা উনত্রিশ পয়সা) মাত্র জমা করার সিদ্ধান্ত গৃহীত হয়। | ৪. উপজেলা নির্বাহী অফিসার, বিরামপুর। |

৪৫. উপজেলা পরিষদের নিম্নোক্ত ব্যয়গুলো অনুমোদনের জন্য সভায় উপস্থাপন করা হয়।

**ডিসেম্বর/২০২৪ মাসের ব্যয়**

| ক্রমিক | ব্যয়ের বিবরণ | টাকার পরিমান |
|---|---|---|
| ০১ | উপজেলা পরিষদের ১ জন মালি ও ১ জন পরিচ্ছন্নতাকর্মীর ডিসেম্বর/২০২৪ মাসের ২৯দিনের দৈনিক মজুরী ৫৫০/-টাকা হারে মজুরী প্রদান=(১৫,৯৫০+১৫,৯৫০=৩১,৯০০/-) | =৩১,৯০০/- |
| ০২ | ডিসেম্বর/২০২৪ আপ্যায়ন ব্যয় (ভ্যাট ও আয়করসহ) | =৩০,০০০/- |
| ০৩ | ডিসেম্বর/২০২৪আনুষঙ্গিক ব্যয় (ভ্যাট ও আয়করসহ) | =৫,০০০/- |
| ০৪ | মোঃ শাহাজাহান ও আবু সাইদ রাত্রীকালিন দায়িত্ব পালনরত আনসারকে উপজেলা পরিষদ সাধারণ সভার সিদ্ধান্তক্রমে ডিসেম্বর/২০২৪ মাসের মজুরী প্রদান (৫,৫০০+৫,৫০০=১১,০০০/-) | =১১,০০০/- |
| ০৫ | | |

সভায় বিস্তারিত আলোচনান্তে উপস্থাপিত ব্যয়গুলো অনুমোদন দেয়া হয়।

অতঃপর আর কোন আলোচনা না থাকায় প্রশাসক, উপজেলা পরিষদ ও উপজেলা নির্বাহী অফিসার, বিরামপুর, দিনাজপুর উপস্থিত সবাইকে ধন্যবাদ জ্ঞাপন করে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

26/01/25

নুজহাত তাসনীম আওন
উপজেলা নির্বাহী অফিসার
ও
প্রশাসক, উপজেলা পরিষদ
বিরামপুর, দিনাজপুর।
মোবাইল নম্বরঃ ০১৭৬১-৪৯৩৫৩৩ (অফিস)
e-mail : unobirampur@mopa.gov.bd

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
বিরামপুর, দিনাজপুর।
birampur.dinajpur.gov.bd

স্মারক নং-০৫.৫৫.২৭১০.০০০.০৮.০৪৮.২৩.১৬০/১(৪৫)    তারিখঃ ১৭.০২.২০২৫ খ্রি.

অনুলিপিঃ সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো **(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)-**

০১. সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২. পরিচালক, স্থানীয় সরকার, রংপুর বিভাগ, রংপুর।
০৩. জেলা প্রশাসক, দিনাজপুর।
০৪ সহকারী কমিশনার (ভূমি), বিরামপুর, দিনাজপুর।
০৫. প্রশাসক, বিরামপুর পৌরসভা, বিরামপুর, দিনাজপুর।
০৬. প্রশাসক, উপজেলা পরিষদ, বিরামপুর, দিনাজপুর।
০৭. উপজেলা..........................................................................অফিসার, বিরামপুর, দিনাজপুর।
০৮. চেয়ারম্যান, ................................................................, ইউনিয়ন পরিষদ (সকল), বিরামপুর, দিনাজপুর।
০৯. জনাব ............................................................... মহিলা সদস্য, উপজেলা পরিষদ, বিরামপুর, দিনাজপুর।

17/02/25

নুজহাত তাসনীম আওন
উপজেলা নির্বাহী অফিসার
ও
সদস্য সচিব
উপজেলা পরিষদ
বিরামপুর, দিনাজপুর।
মোবাইল নম্বরঃ ০১৭৬১-৪৯৩৫৩৩ (অফিস)
e-mail : unobirampur@mopa.gov.bd